এই কর্মবাদের সাথে জন্মান্তরবাদ অঙ্গাঙ্গি ভাবে সম্বন্ধযুক্ত(। কেননা কর্মবাদ থেকে অনিবার্যভাবে জন্মান্তরবাদ নিঃসৃত হয়। জন্মান্তরবাদানুসারে বলা হয় মানুষ মৃত্যুর পর তার পূর্ব জীবনের সঞ্চিত কর্মের ফল ভোগ করার জন্য অবশ্যম্ভা বিরূপে পুনরায় জন্মগ্রহন করতে থাকে। কর্মবাদ বলে যে, কর্মের ফল বিনষ্ট হয় না। যে কর্ম (সকাম) করে, তাকে তার কৃত কর্মের ফল ভোগ করতেই হয়। এই নিয়মের ব্যতিত্র(ম নেই। কর্মের নিয়ম অমোঘ। মানুষ কর্ম না করে (ণকাল থাকতে পারে না। মানুষ যে রূপ কর্ম করে সেই রকম ফল ও ভোগ করে থাকে। কিন্তু মানুষের সমস্ত কর্মই তৎ(নাৎ ফল প্রদান করে না। কর্ম ভবিষ্যতে ফল প্রদানের অপে(ায় সঞ্চিত থাকতে পারে। এই সঞ্চিত কর্ম ইহজন্মে ও পরজন্মে ফল দান করতে পারে। কাজেই ইহজন্মে কোন ব্যক্তি(র কৃত কর্মের ফল ভোগ সম্পূর্ণ না হলে তাকে পুনরায় জন্মগ্রহণ করতে হয় পরজন্মে অতীতের সঞ্চিত কর্মের ফল ভোগ করার জন্য। ল(্য করা যায়, অনাদী কাল হতে মানুষের জন্মগ্রহণের ধারা অব্যাহত। কারণ কোন নিষ্কামকর্মকারী শক্তি(মানুষের প(ই তার অতীত জীবন ও ইহজীবনের সঞ্চিত কর্মের ফল ভোগ একটি জীবনে সম্পূর্ণ করা সম্ভব নয়। আর অন্যদিকে কর্মকর্তার

কর্মফল ভোগ থেকে নিস্তার নেই। সুতরাং কর্মফল ভোগের জন্য মানুষকে অবশ্যম্ভাবীরূপে পুর্নজন্মগ্রহণ করতে হয়। এভাবে কর্মবাদ ও জন্মান্তরবাদ কারণ কার্য সম্বন্ধে সম্বন্ধযুক্ত হয়ে আছে।

একমাত্র চার্বাক ছাড়া সব ভারতীয় দার্শনিকরা বলেন, কর্মবাদ স্বীকার না করলে বিভিন্ন মানুষের জীবনের মধ্যে যে পার্থক্য, তা ব্যাখ্যা করা যায় না। কোন মানুষ সুখী, আবার কোন মানুষ দুঃখী, কেউ ধনী, কেউ দরিদ্র। প্রশ্ন হতে পারে এরূপ বৈষম্য হয় কেন? এই প্রশ্নের উত্তরের মধ্যেও নিহিত রয়েছে কর্মবাদ ও জন্মান্তরবাদের সম্বন্ধগত বিষয়টি। উক্ত সমস্ত বৈষাম্য মানুষের বর্তমান জীবনের জ্ঞাত তথ্যের দ্বারা ব্যাখ্যা করা কঠিন। আমরা দেখি যে, এই জগতে ধার্মিক ব্যক্তি দুঃখ ভোগ করে, আবার অধার্মিক ব্যক্তি সুখ ভোগ করে। জাগতিক জীবনের এই বৈচিত্র এবং বিশৃঙ্খলা বর্তমান জীবনের কর্মের সাহায্যে ব্যাখ্যা করা দুঃসাধ্য। মানুষের জীবনের কিছু কিছু ঘটনা তার বর্তমান জীবনের কর্মের দ্বারা ব্যাখ্যা করা যায়। কিছু কিছু ভাল বা মন্দ কর্ম যখন এই জীবনেই যথাক্রমে ভাল বা মন্দ ফল উৎপন্ন করে, তাহলে একথা বলা যুক্তিসঙ্গত যে, সমস্ত কর্মই ব্যক্তির বর্তমান বা ভবিষ্যৎ জীবনে ফল উৎপন্ন করবে। একে বলে নৈতিক কার্য কারণবাদ। সুতরাং বলা যায়, বর্তমান জীবনে ধার্মিক ব্যক্তির যে দুঃখভোগ তা তার অতীত জন্মের কর্মের জন্য বা কোন অসৎ কর্মজনিত ফল যার ভোগ অতীত জীবনে অসম্পূর্ণ থেকে গিয়েছিল। অনুরূপভাবে বর্তমান জীবনে অধামির্ক ব্যক্তিরযে সুখভোগ তা তার অতীত জীবনে সঞ্চিত সৎকর্ম জনিত ফল যার ভোগ অতীতে সম্পূর্ণ হয়নি। সুতরাং কর্মবাদ ও তার ফলস্বরূপ জন্মান্তরবাদ স্বীকার না করলে জীবনের উক্তরূপ বৈচিত্র ব্যাখ্যা করা যাবে না।

প্রসঙ্গত এ বিষয়ে আরোও বক্তব্য এই যে বুদ্ধদেব কর্মবাদ মেনেছেন এবং কর্মফল ভোগের জন্য জীবের পুর্নজন্ম গ্রহণ করার কথা অর্থাৎ জন্মান্তরবাদ ও মেনেছেন। তবে তাঁর ব্যাখ্যা একটু অন্যরূপ। বুদ্ধদেব নিত্য আত্মার অস্তিত্ব স্বীকার করেন নি। তাঁর মতে জন্মান্তর হল ইহজীবন থেকে পরজীবনে উত্তরণ, জন্মান্তরের তাৎপর্য এই নয় যে, নিত্য আত্মার নবদেহ ধারণ। জীবের মানসিক প্রক্রিয়াই ইহজীবন থেকে পরজীবনে প্রবাহিত হয়। অর্থাৎ কর্মকর্তা প্রথম ক্ষণে কর্ম উৎপাদন করার পর যখন দ্বিতীয় ক্ষণে বিনাশপ্রাপ্ত হয়, তখন ঐ দ্বিতীয় ক্ষণে একটি সদৃশ আত্মার উৎপত্তি হয়, এবং ঐ সদৃশ আত্মাতে কর্মের ফলটি ক্রমশঃ পরিবাহিত হয়। এই দ্বিতীয় আত্মা প্রথম আত্মার কৃতকর্মের ফল ভোগ করে। বস্তুতঃ পূর্বজন্ম ও পরজন্মের মধ্যে একটা যোগসূত্র আছে। আর এই যোগসূত্র স্থাপন করে চলেছে কর্মফলবাদ।

এইভাবে উপরোক্ত আলোচনাসমূহের মাধ্যমে দেখা গেল যে জন্মান্তরবাদকে ব্যাখ্যা করা যাবে না, যদি না কর্মবাদ স্বীকার করা হয়। আবার জন্মান্তবাদকে অস্বীকার করে কর্মবাদ স্বীকারের কোন যৌক্তিকতা থাকে না। কারণ কর্মবাদের অবশ্যম্ভাবী পরিণতি হল জন্মান্তরবাদ। সুতরাং কর্মবাদ এবং জন্মান্তরবাদ একে অন্যের সাথে সম্পৃক্ত।

জ্ঞানের ে ত্রে সংবেদবৃত্তি ও বোধশক্তি(র ভূমিকা ঃ কান্ট

— রানা বর্মন, (দর্শন বিভাগ,4th Sem.)

জ্ঞানের উৎপত্তি প্রসঙ্গে সংবদনবৃত্তি (Sinsibility) ও বোধশক্তি(র (Understanding) সম্বন্ধ নিরূপন করতে গিয়ে প্রথমেই বলতে হয় যে, জার্মান দার্শনিক ইম্মানুয়েল কান্টের মতে সংবেদনবৃত্তি ও বোধশক্তি(র মধ্যে প্রধান সদৃশ্যটি হল উভয়ই জ্ঞানের উৎস হাওয়ায় এই দুটিকেই জ্ঞানীয় বৃত্তি বলা হয়। কান্ট বলেছেন, এই দুটির মধ্যে কোনো একটি এককভাবে জ্ঞান উৎপন্ন করতে পারে না। এদের সম্মিলিত প্রচেষ্টার ফলে কোন বিষয়ের জ্ঞান হয়। সংবেদনবৃত্তি বহির্জগৎ থেকে জ্ঞানের উপাদান সংগ্রহ করে এবং বোধশক্তি(সেগুলিকে সাজিয়ে জ্ঞানের আকার প্রদান করে।

সংবেদনবৃত্তি হল নিষ্ি(য়বৃত্তি। কেননা বাইরের থেকে কোনকিছু গ্রহন করার ব্যাপারে কোন সক্রি(য়তা তার থাকে না, কিন্তু গ্রহণ করার একটা (মতা তার থাকে। জগৎ থেকে জ্ঞানের বিষয় বা উপাদান সমূহ যখন সংবেদনবৃত্তির দ্বারা গৃহীত হয় তখন জ্ঞানের উপাদানগুলি থাকে বিশৃঙ্খল ও অসংবদ্ধ। তাই বিষয়টার প্রকৃতি কেমন হবে তা নির্ধারণের (মতা সংবেদনবৃত্তির থাকে না। আর এই কাজটাই করে বোধশক্তি(অর্থাৎ সংবেদনবৃত্তিতে এসে পড়া বিচ্ছিন্ন, বিশৃঙ্খল, অসংবদ্ধ জ্ঞানীয় উপাদান বা বিষয়গুলি কেমন হবে যে বিষয়ে চিন্তা করে বোধশক্তি(এবং এই বিশৃঙ্খল বিষয়গুলির সুশৃঙ্খলতা প্রদান করে বোধশক্তি(ই। এইজন্যই বোধশক্তি(হল সক্রি(য়বৃত্তি।

জ্ঞানীয় উপাদান গ্রহণ করার ব্যাপারটা নিষ্ি(য়। আর সেই গৃহীত উপাদান সম্বন্ধে চিন্তার বিষয়টি সক্রি(য়। সংবেদনবৃত্তির মাধ্যমে পাই অনুভব। কিন্তু ঐ অনুভব গ্রহণ করার ব্যাপারে তাকে কোন সক্রি(য় ভূমিকা পালন করতে হয় না। আমরা চাই বা না চাই বিষয়ের দ্বারা আমরা প্রভাবিত হই। আর প্রভাবের ফলে অনুভব হবেই। সংবেদনবৃত্তি বা সংবেদনশক্তি(র ে ত্রে এটা আবশ্যিক যে, বাইরের উৎসস্থল থেকে বিচ্ছিন্ন জ্ঞানীয় উপাদানসমূহ সংবেদনবৃত্তিতে উপস্থিত হলেই সংবেদনবৃত্তি সেগুলিকে গ্রহণ করতে বাধ্য থাকে। এ(ত্রে বিচ্ছিন্ন উপাদানসমূহ সংবেদনবৃত্তির নিজস্ব পূর্বতসিদ্ধ দুটি আকার যথা দেশ ও কালের দ্বারা আকারিত হয়ে দৈশিক ও কালিকরূপে সংবেদনবৃত্তিতে এসে পড়ে। তাই অনুভব মাত্রই দেশ ও কালের আকারে আকারিত হয় বা অভিজ্ঞতার বস্তুমাত্রই দৈশিক ও কালিক সম্বন্ধে অনুভূত হয়। অর্থাৎ এমন কোন বস্তু আমাদের প্রত্য(হয় না যা কোন স্থান (দেশ) অধিকার করে থাকে না, যার কোন স্থায়িত্ব (কাল) নেই। কিন্তু তাৎপর্যপূর্ণ ঘটনা হল এই অনুভবের বস্তু সম্পর্কে চিন্তা করা সংবেনবৃত্তির কাজ নয়। যখন সংবেদনবৃত্তির মাধ্যমে বিষয়ের অনুভব হয় তা সুসংবদ্ধ বা শৃঙ্খলাবদ্ধ থাকে না। কান্টের মতে এগুলি হল বিচ্ছিন্ন সংবেদনরাশির জটলা (a collection of isolated sensation) । বোধশক্তি(বিচ্ছিন্ন অনির্দিষ্ট অনুভবরাশির উপর তার শুদ্ধ প্রত্যয় (Pure categories of Understanding) প্রয়োগ করে অনুভবগুলিকে একত্র করে জ্ঞানের আকারে আকারিত করে।

কান্টের মতে বোধশক্তি(র নিজস্ব ১২টি শুদ্ধ প্রত্যয় রয়েছে। এগুলির সাহায্যেই বোধশক্তি(সংবেদনবৃত্তিতে গৃহীত বিচ্ছিন্ন অনুভবগুলিকে একত্র ও সুসংবদ্ধ করে। ঠিক যেমন সংবেদনবৃত্তির নিজস্ব দুটি আকার দেশ ও কাল ব্যাতীত সংবেদনবৃত্তিতে কোন অনুভব উৎপন্ন হয় না তেমনি বোধশক্তি(র ১২টি

শুদ্ধ প্রত্যয় ব্যাতীত সংবেদনবৃত্তিতে গৃহীত বিষয় সম্বন্ধে কিছু চিন্তাই করা যায় না।

কান্ট বলেন সংবেদনবৃত্তি ও বোধশক্তি(এই দুটি জ্ঞানীয় বৃত্তির কোন একটিকে অন্যটির থেকে বেশী প্রাধান্য দেওয়া যায় না। দুটি বৃত্তি উভয় উভয়ের পরিপূরক। কেননা দেশ ও কালের কাঠামোতে যেসব বিচ্ছিন্ন ইন্দ্রিয় সংবেদন লাভ করা হয় তাদের যদি সমন্বিত না করা যায়, তবে সেগুলি অর্থহীন থেকে যায়। ফলে জ্ঞান উৎপন্ন হয় না। আর এই সমন্বয়ের কাজটাই করে বোধশক্তি(। কাজেই বুদ্ধির মধ্যস্থতা ব্যাতিরেকে নিছক সংবেদন আকারহীন অর্থহীন তথ্যমাত্র। বুদ্ধির মধ্যস্থতায় বিচ্ছিন্ন সংবেদন অর্থময় ও সঙ্গতিপূর্ণ হয়ে ওঠে এবং বিশিষ্ট বস্তুর জ্ঞানে পরিণত হয়। অনুরূপভাবে অভিজ্ঞতালব্ধ বিষয় বা উপাদান না থাকলে মন বা বুদ্ধিবৃত্তি সমন্বিত করার কিছুই পাবে না। অর্থাৎ সংবেদনবৃত্তি যদি বহির্জগৎ থেকে জ্ঞানের বিষয় সংগ্রহ না করে তবে বোধশক্তি(তার শুদ্ধ প্রত্যয়গুলি (দ্রব্য-গুণ, কারণ-কার্য, অস্তিত্ব-নাস্তিত্ব প্রভৃতি) আরোপ করার কিছুই পাবে না। ফলে সেগুলি শূন্যে অবস্থান করে। এমতাবস্থায় জ্ঞানের প্র(েই ওঠে না। সুতরাং দেখা যাচ্ছে জ্ঞানীর বৃত্তি দুটি সম্পূরক ও পরস্পর নির্ভর। চিন্তন কখনো দেখতে পায় না। আর ইন্দ্রিয় কখনো চিন্তা করতে পারে না। অন্যভাবে বলা যায় অভিজ্ঞতা জ্ঞানের উপাদান যোগায়, আর বুদ্ধি সে-সব উপাদানকে আকার প্রদান করে সেগুলির অর্থপূর্ণ জ্ঞানের রূপ দেয়। তাই আকার বর্জিত উপাদান (যা সংবেদনবৃত্তির দ্বারা গৃহীত) সুনির্দিষ্ট অর্থপূর্ণ কোন কিছু নয়, আবার উপাদান বর্জিত আকার (বোধশক্তি(র শুদ্ধ প্রত্যয় সমূহ) নিছক শূন্য। অর্থাৎ বুদ্ধির প্রত্যয় ব্যতীত বিশুদ্ধ ইন্দ্রিয়ানুভব অর্থহীন সংবেদন জটলা, আর ইন্দ্রিয়ানুভব ব্যতীত বিশুদ্ধ প্রত্যয়সমূহ বস্তু শূন্য, শূণ্যগর্ভ। কান্টের এই অভিমত প্রকাশ করতে গিয়ে ফল্‌কেনবার্গ বলেছেন "Intuitions without concepts are blind and concepts without intuition are empty " অর্থাৎ বোধশক্তি(র প্রত্যয়সমূহ ছাড়া ইন্দ্রিয়ানুভব অন্ধ (অর্থাৎ অর্থহীন) এবং ইন্দ্রিয়ানুভব বা সংবেদনবৃত্তিতে গৃহীত দৈশিক ও কালিক বিচ্ছিন্ন উপাদানসমূহ ছাড়া বুদ্ধির বিশুদ্ধ প্রত্যয়সমূহ শূণ্যগর্ভ।

সুতরাং দেখা যাচ্ছে সংবেদনবৃত্তি নিজে থেকে জ্ঞানের বিষয়ের প্রকৃতি নির্ধারণ করতে না পারলেও এই বৃত্তির জন্যই বাহ্যজগতের সাথে আমাদের পরিচয় ঘটে যেটা বোধশক্তি(র দ্বারা অসম্ভব। আবার বাহ্যজগতের বিষয়গুলি কেমন তা জানার জন্য বোধশক্তি(র উপর নির্ভর করতেই হয় যেটা আবার সংবেদনবৃত্তির দ্বারা অসম্ভব। এই প্রসঙ্গেই কান্ট বলেছেন, জ্ঞান কেমন করে হয় তা বুঝতে হলে এই দুটি জ্ঞানীয় বৃত্তির ভূমিকাকে মিলিয়ে ফেললে হবে না, পৃথক পৃথক ভাবে দুটি স্তরে পা রেখে তা বুঝতে হবে। প্রাথমিক স্তরে সংবেদনবৃত্তির ভূমিকাকে জানতে হবে এবং দ্বিতীয় স্তরে বোধশক্তি(র ভূমিকাকে জানতে হবে।

মন্তব্য ঃ কান্ট গুনগত দিক থেকে জ্ঞানের ((ত্রে সংবেদনবৃত্তি ও বোধশক্তি(র ভিন্নধর্মী ভূমিকাকে উপস্থাপন করেছেন। তাঁর মতে সংবেদনবৃত্তি হল ইন্দ্রিয়বেদ্য বৃত্তি। আর বোধশক্তি(হল অতীন্দ্রিয় বেদ্যবৃত্তি এবং তিনি জ্ঞানের উৎপত্তির ((ত্রে এই দুটি বৃত্তিকেই সমান প্রাধান্য দেন। কিন্তু তাঁর পূরসুরীরা যথা অভিজ্ঞতাবাদী ও বুদ্ধিবাদী বিভিন্ন দার্শনিক তাঁর মত করে এই দুটি বৃত্তির মধ্যে তুলনা করেননি। বরং তারা পরিমানগত দৃষ্টিভঙ্গী থেকে সংবেদনশক্তি(ও বোধশক্তি(কে দেখেছেন। অর্থাৎ বলা যায় জ্ঞানীয় উৎকর্ষতার মাত্রাগত দিকটি তাঁদের মধ্যে প্রাধান্য পেয়েছে।

এ প্রসঙ্গে অভিজ্ঞতাবাদীদের দাবী হল - জ্ঞানের দৃষ্টিটা যতই ইন্দ্রিয়নুভবকে কেন্দ্র করে গড়ে উঠবে ততই জ্ঞান স্পষ্ট ও প্রাঞ্জল হবে, আর যতই ইন্দ্রিয়ানুভবকে অতিত্র(ম করে বা তাকে প্রাধান্য না

দিয়েই জ্ঞানের অনুসন্ধান করা হয় জ্ঞান ততই অস্পষ্ট হয়ে পড়বে।

অন্যদিকে বুদ্ধিবাদীদের মূল দাবী হল মন বা বুদ্ধি যা চিন্তা করে তাই আসল, জ্ঞানলাভের পথে সর্বোৎকৃষ্ট মাধ্যম বা উৎস হল চিন্তনক্রি(য়া বা বোধশক্তি(। তাই জ্ঞানীয় দৃষ্টিটা সর্বদাই বুদ্ধিকেন্দ্রিক হতে হবে। বৌদ্ধিক জ্ঞানই স্পষ্ট ও প্রমাত্মক। ইন্দ্রিয়জন্য জ্ঞান অস্পষ্ট ও অপ্রমাত্মক।

দার্শনিক কান্টই প্রথমে উক্ত(দুই বি(দ্ধ মতের মধ্যে সমন্বয় সাধন করে জ্ঞানের উৎস সম্বন্ধে আপাত বিরোধমুক্ত(একটা মতবাদ (বিচারবাদ) প্রনয়ণ করেন। তিনিই প্রথম বলেন, ইন্দ্রিয়ানুভব ও বুদ্ধিবৃত্তির মধ্যে যে একটা জাতিগত ও গুনগত পার্থক্য রয়েছে তা অভিজ্ঞতাবাদী বা বুদ্ধিবাদীদের কেউই খেয়াল করেননি। তাঁর দর্শনেই প্রথম এই অতি সত্যের জায়গাটার সন্ধান পাওয়া গিয়েছে। এজন্যই পাশ্চাত্য দর্শনের ইতিহাসে কান্টের জ্ঞানতত্ত্ব একটি স্বতন্ত্র স্থান দখল করে আছে।

সাধারণ ধর্ম ও বিশেষ ধর্মঃ একটি তুলনামূলক আলোচনা

— প্রসেনজিৎ গাইন, (সহকারী অধ্যাপক, দর্শন বিভাগ)

ভারতীয় শাস্ত্রে মানবজীবনের একাধিক আদর্শের বা মূল্যের উল্লেখ করা হয়েছে যেগুলি মানুষের অভীষ্ট বা কাম্য এবং যেগুলিকে মানবজীবনের ল(্য বা উদ্দেশ্যরূপে চিহ্নি(ত করা হয়েছে। এগুলিকে একত্রে পু(ষার্থ বলা হয়েছে। ভারতীয় শাস্ত্রে সাধারণত ধর্ম, অর্থ, কাম ও মো(এই চারটি পু(ষার্থের উল্লেখ আছে। এদের মধ্যে ধর্ম শ্রেষ্ঠ্য পু(ষার্থ মো(বা মুক্তি(লাভের ে(ত্রে অত্যন্ত উল্লেখযোগ্য ও সহায়ক ভূমিকা পালন করে থাকে বলে ধর্মকে পু(ষার্থের পরিকল্পনায় মূল ভিত্তিরূপে স্থান দেওয়া হয়েছে।

এখন প্র্ন হল ধর্ম কী? প্রথমেই মনে রাখতে হবে পু(ষার্থের অন্তর্গত 'ধর্ম' আর পাশ্চাত্যের religion এক নয়। ভারতীয় শাস্ত্রে ধর্ম বলতে এমন কিছু সদাচার বা সুনীতি বোঝায় যা ব্যক্তি(গত ও সামাজিক জীবনে অবশ্য পালনীয়। 'ধৃ' ধাতু থেকে 'ধর্ম' শব্দটি নিষ্পন্ন হয়েছে। 'ধৃ' ধাতুর অর্থ 'ধারণ করা'। যা বি(্বকে ধারণ করে আছে, যা সমগ্র বি(্বের শৃঙ্খলাকে র(া করে তাই ধর্ম। অর্থাৎ বলা যায় ধর্ম হল তাই যা মানুষ ও সমাজকে ধারণ করে। তাই ভারতীয় চিন্তাধারা অনুযায়ী ব্যক্তি(ও সমাজের অস্তিত্ব ও ধারাবাহিকতার জন্য ধর্মপালন করা কর্তব্য। কর্তব্যের অমর্যাদা মানব সমাজকে ধ্বংস করে। ধর্ম আসলে এক সামাজিক বিধি বা সমাজের বিভিন্ন গোষ্ঠী বা বর্ণের মধ্যে শৃঙ্খলা ও সংহতি স্থাপন করে থাকে। ধর্মের এই সামাজিক তাৎপর্যের পাশাপাশি একটি নৈতিক তাৎপর্য ও আছে। ধর্ম একটি নৈতিক বিধি যা মানুষের আচরণকে নিয়ন্ত্রণ করার পাশাপাশি তাকে সমাজকল্যাণে উদ্বুদ্ধ করে। আর সমাজকল্যাণের মধ্যেই মানুষের শুদ্ধি ঘটে। মানুষের বিভিন্ন আচরণের ে(ত্রে ধর্মই নিয়ন্ত্রক। যেমন কাম ও অর্থ যদি ধর্মের দ্বারা নিয়ন্ত্রিত না হয় তাহলে মানুষ বিপথগামী হতে পারে। ফলে সমাজকল্যাণ বিঘ্নিত হতে পারে। নিষ্ঠার সাথে ধর্মপালন থেকে বিরত থাকলে চারিত্রিক শুদ্ধি নিতান্তই অসম্ভব। ফলে মুক্তি(র পথ (দ্ধ হয়ে দাঁড়ায়। সহজ কথায় ধর্মকে উপে(া করে অর্থ বা কাম, এমনকি মো(র ও সাধনা করা যায় না। সুতরাং পু(ষার্থ সমূহের ভিত্তি স্বরূপ 'ধর্ম' যে অবশ্যপালনীয় তা অনস্বীকার্য।

ভারতীয় ধর্মশাস্ত্রে দুপ্রকার ধর্মের উল্লেখ আছে ঃ সাধারণ ধর্ম এবং বিশেষ ধর্ম বা বর্নাশ্রম ধর্ম যাকে স্বধর্ম ও বলা হয়।

সাধারণ ধর্ম ঃ ধর্ম, জাতি, বর্ণ নির্বিশেষে সকল মানুষের (ে ত্রে যে ধর্মগুলি অবশ্যই পালনীয়। সেগুলি সাধারণ ধর্ম। এইরূপ ধর্মে গৃহীত নৈতিক আদর্শগুলি সম্পূর্ণভাবে আশ্রমনিরপে(, বর্ণ নিরপে(। অর্থাৎ এ(ে ত্রে নৈতিক কর্তব্য বিচারে মানুষের বিশেষ কোন সামাজিক অবস্থান বিচার্য্য নয়।

মনুসংহিতায় যে সকল সাধারণ ধর্মের উল্লেখ রয়েছে সেগুলি হল - ধৃতি, (মা, দম, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয় নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য ও অত্রে(াধ।

ধৃতি বলতে নিজের প্রতি অবিচল নিষ্ঠা বোঝায়। অপরাধীর মধ্যে অনুশোচনাবোধ জাগ্রত করে তার আচরণের সংশোধনের জন্য অপরাধ মার্জনাই (মা, দম - সহনশীলতাকে নির্দেশ করে, অন্যের দ্রব্য অপহরণ না করাই অস্তেয়, শৌচ হল দৈহিক ও মানসিক শুচিতার নির্দেশক, ইন্দ্রিয়গুলিকে নিয়ন্ত্রনে রাখাই হল ইন্দ্রিয়নিগ্রহ, ধী হল বিচারশক্তি(অর্থাৎ জ্ঞান বা বুদ্ধি, বিদ্যা হল আত্মজ্ঞান, যেকোনরূপ মিথ্যা (নিন্দা করা, বি(াসঘাতকতা করা, প্রতারণা করা, অনিষ্ট করা) থেকে বিরত থেকে সকল জীবের কল্যাণকর চিন্তা ও তার প্রয়োগ হল সত্য এবং অত্রে(াধ হল ত্রে(াধশূন্যতা।

যাজ্ঞবল্ক্যস্মৃতিতে ও কিছু সাধারণ ধর্মের উল্লেখ আছে, যথা - অহিংসা, সত্য, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয়নিগ্রহ, দান, দম, দয়া প্রভৃতি।

ল(করলে দেখা যায় যে, প্রত্যেকটি সাধারণ ধর্ম বা কর্তব্যই ব্যক্তি(র শুদ্ধির জন্য অবশ্যই পালনীয়। যদি ও ভারতীয় নীতিবিদ্যায় সমাজের উন্নতি সরাসরি ল(করে এই ধর্মগুলিকে আচরনীয় বলা হয়নি তবুও এগুলির পালন যে সামাজিক উৎকর্ষতার জন্য আবশ্যিক তা অস্বীকার করা যায় না। মনে হয় যে ভারতীয় দর্শনে মনু, যাজ্ঞবল্ক্য প্রভৃতি ধর্মশাস্ত্রকারের রচনায় ব্যক্তি(মানুষের আত্মিক উন্নতি বা শুদ্ধিই তত সর্বাধিক গু(ত্ব পেয়েছিল। নিষ্ঠা, ইন্দ্রিয় সংযম, সহনশীলতা, অহিংসা, সত্য আচরণ প্রভৃতি ধর্মের তাৎপর্য্যের মধ্যেই একথা স্পষ্ট হয়ে যায়।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, উপরোক্ত(ধর্মপালনের জন্য সংকল্প থাকা একান্ত আবশ্যক। নচেৎ বিবিধ কর্ম থেকে বাহ্য আচরণকে নিবৃত্ত করে অধর্ম পরিহার করা গেলেও, ধর্ম উৎপন্ন করা যায় না। যেমন অহিংসা শুধুমাত্র হিংসাভাব নয় অর্থাৎ হিংসা থেকে নিবৃত্ত হওয়াই অহিংসার অর্থ নয় বরং প্রাণী সমূহকে আঘান না করার সংকল্পই প্রকৃত অহিংসা ধর্ম। অনুরূপভাবে চোর্য থেকে বিরত থাকা অস্তেয়ের সম্পূর্ণ অর্থ নয়, বরং অস্তেয় একপ্রকার সংকল্পকে বোঝায় যার অর্থ অপহরণ করা আমার কর্তব্য নয়।

বিশেষধর্ম ঃ- স্বধর্ম বা বিশেষধর্মগুলি প্রত্যেকটি মানুষের অবশ্যই পালনীয় কোন সার্বজনীন কর্তব্য নয়। এগুলি মনুষ্য জীবনের নানান স্বভাব ও বিবিধ সামাজিক অবস্থান বা পর্যায় সাপে(। বিশেষ ধর্মগুলি দুই প্রকার - ক) বর্ণধর্ম অর্থাৎ বিভিন্ন বর্ণের উপযোগী কর্তব্যসমূহ এবং খ) আশ্রমধর্ম অর্থাৎ বিভিন্ন আশ্রমের উপযোগী কর্তব্যসমূহ।

বর্ণধর্ম ঃ প্রত্যেক মানুষের মধ্যে ত্রিগুন (সত্ত্ব, রজঃ, তমঃ) থাকলেও সকলের মধ্যে একইগুণ প্রধান নয়। গুনের এই তারতম্যের ভিত্তিতে বৈদিক শাস্ত্রে সমাজের মানুষকে ব্রাহ্মন, (ত্রিয়, বৈশ্য এবং শুদ্র - এই চতুর্বনে ভাগ করা হয়েছে। ব্রাহ্মন সত্ত্ব প্রধান, (ত্রিয় ও বৈশ্য মূলতঃ রজঃপ্রধান এক শুদ্র তমঃ প্রধান। গুণের এই প্রাধান্য ভেদের ভিত্তিতে প্রতিটি বর্ণের মানুষের ধর্ম (কর্তব্য) নির্ধারিত হয়েছে। এই ধর্মগুলি হল বর্ণ ধর্ম। যেমন — ক) **ব্রাহ্মণের পালনীয় ধর্ম** - যজ্ঞানুষ্ঠান, অধ্যাপনা, পরিগ্রহ (দানগ্রহন)।

খ) **(ত্রিয়ের পালনীয় ধর্ম ঃ** প্রজাপালন, অসাধু নিগ্রহ, যুদ্ধে পরাঙ্মুখ না হওয়া।

গ) **বৈশ্যের পালনীয় ধর্ম ঃ** বাণিজ্য, কৃষিকর্ম, পশুপালন প্রভৃতি বৈষয়িকত্রি(য়া।

ঘ) **শূদ্রের পালনীয় ধর্ম ঃ** অন্য বর্ণভুক্ত(মানুষের সেবা ও পরিচর্যা।

বর্ণধর্মগুলি ল(্য করলে দেখা যাবে যে, ধর্মসমূহের সামাজিকমূল্য অপরিসীম। কেননা সমাজের বিভিন্ন প্রয়োজন যদি বিচার করা হয় তবে দেখা যাবে যে, মানুষের চতুবিধ বর্ণের মত সমাজের প্রয়োজনও চতুর্বিধ। সমাজকে সুন্দরভাবে গড়ে তুলতে হলে তাকে সুরি(ত রাখতে হবে, তার অর্থনৈতিক প্রয়োজন মেটাতে হবে, তাকে সেবা ও যথাযথ পরিচালনা করতে হবে। বিভিন্ন বর্ণের যে সমস্ত ধর্মের উল্লেখ করা হয়েছে সেই সমস্ত ধর্ম বা কর্তব্য সমাজের এই বিভিন্ন দাবীকে পূর্ণ করতে স(ম।

আশ্রম ধর্ম ঃ- 'আশ্রম' শব্দটি জীবনের এক একটি অধ্যায়কে বোঝায়। বৈদিক শাস্ত্রে মানুষের সমস্ত জীবনকে ব্রহ্মচর্য, গার্হস্থ, বানপ্রস্থ ও সন্ন্যাস - এই চারটি অধ্যায়ে বিভক্ত(করা হয়েছিল। এই চারটি আশ্রম ল(্য করলেই বোঝা যাবে যে মো(লাভকেই মানবজীবনের চরম ল(্য বলে স্বীকার করা হয়েছে। চারটি আশ্রমের পালনীয় কর্তব্যগুলি অর্থাৎ আশ্রম ধর্মগুলি সম্পন্নের মধ্য দিয়ে মানুষের জীবন জৈব সত্তা থেকে পারমার্থিক সত্তায় উত্তীর্ণ হয়। ব্রহ্মচর্য হল অধ্যয়ন ও সংযম অভ্যাসের কাল। অর্থাৎ এই আশ্রমে সংযতেন্দ্রিয় হয়ে শিষ্যকে গু(গৃহে ব্রহ্মবিদ্যা অধ্যায়ন করতে হয়। সুতরাং এই আশ্রমে আত্মসংযমের মধ্য দিয়ে চরিত্র বন্টন হয় এবং প্রকৃত শি(া লাভ হয়। ব্রহ্মচারীর সংযত জীবনে প্রাণশক্তি(র স্ফুরণ ঘটানো এই আশ্রমের মূল শি(া। গৃহাশ্রমে বিবাহিত জীবন বা সংসার জীবনকে গার্হস্থাশ্রম বা কৃতদাহ গার্হস্থ বলা হয়। এই আশ্রমে প্রবেশ করে মানুষ ব্যবহারিক জীবনের সমস্ত দায়িত্ব গ্রহন করে। বংশধারাকে অব্যাহত রেখে মানবজাতির প্রবাহকে অ(ুন্ন রাখা গার্হস্থাশ্রমের কর্তব্য। এছাড়া গার্হস্থ আশ্রমেই মানুষ দেবধান, পিতৃঋণ, ঋষিঋণ প্রভৃতি পরিশোধ করে।

বানপ্রস্থ বা অরণ্যের নির্জনবাস জীবনের সেই অন্তিমপর্ব যা সন্ন্যাসের প্রস্তুতিকাল। বানপ্রস্থে মানুষ যেন স্বেচ্ছা নির্বাসনে যায়। এই আশ্রমে শয্যা হল কেবল ভূমি, গাত্রচর্ম ও কুশতৃণ হয় পরিধান এবং এই সময় দেবতা ও অতিথিদের সেবা, বেদ অধ্যায়ন এবং একান্ত ধৈর্য সহকারে যজ্ঞ সম্পাদন করা কর্ত্তব্য। এই আশ্রম গার্হস্থ্যাশ্রম থেকে সন্ন্যাসাশ্রমে উত্তরণের স্তর এবং সবকিছু ত্যাগের প্রস্তুতিকাল।

জাগতিক বস্তুর প্রতি বৈরগ্যই সন্ন্যাস আশ্রমে প্রবেশের যোগ্যতা। সর্বভূতে দয়া, কামনা-বাসনা থেকে মুক্তি(, সুখ-দুঃখে, লাভ-লোকসানে সমত্ববোধ, শত্রু-মিত্রের প্রতি সমমনোভাব এই আশ্রম জীবনের বৈশিষ্ট্য। এই আশ্রমে সন্ন্যাসী কায়িক, বাচিক ও মানসিক হিংসা পরিত্যাগ করে উপনিষদ বা বেদ অধ্যয়ন এবং সর্বদা আত্মজ্ঞানে নিমগ্ন থাকেন।

উক্ত(আশ্রম ধর্মগুলি পরিকল্পনার ভিত্তি যে নৈতিক নিয়ম তাহল - 'দেহাদির ও জাগতিক বন্ধন থেকে মুক্তি(লাভে ইচ্ছুক ব্যক্তি(র আশ্রম নির্দিষ্ট কর্তব্য সমূহ যথাযথভাবে পালন করা উচিত।

উপরোক্ত(আলোচনার ভিত্তিতে সাধারণ ধর্ম ও বর্ণাশ্রম ধর্মের মধ্যে সে তুলনামূলক আলোচনা নিঃসৃত হয় তা নিম্নরূপ ঃ-

প্রথমতঃ বলতে হয় স্বধর্ম পালনের জন্য সামান্য ধর্মকে লঙ্ঘন করার কোন প্রয়োজন নেই। তার কারণ মানুষের সঙ্গে মানুষের এমন কতকগুলি সম্পর্ক আছে যাকে কোন বিশেষ ধর্মের স্বার্থেই বিসর্জন দেওয়া যায় না। বরং সামান্য (সাধারণ) ধর্মকেই বিশেষ ধর্মের ভিত্তি বলা চলে। সাধারণ ধর্ম সেই সীমার নির্দেশ দেয় যার মধ্যে স্বধর্ম পালন করা চলে।

দ্বিতীয়তঃ আলোচ্য দুই ধর্মের মধ্যে সবথেকে গু(ত্বপূর্ণ পার্থক্য হল সাধারণ ধর্মের পরিকল্পনা সকলের জন্য কতকগুলি সার্বিক নৈতিক নিয়মের নির্দেশ দেয়। অর্থাৎ এই ধর্মগুলি সমাজস্থ সকল মানুষের (ত্রে

প্রযোজ্য। কিন্তু স্বধর্মের পরিকল্পনা কতকগুলি বিশেষ বিশেষ কর্তব্যসমূহের নির্দেশ দেয় যা বিশেষ বিশেষ বর্ণ ও আশ্রমভুক্ত(মানুষদের (ে ত্রে প্রযোজ্য। কাজেই বর্ণাশ্রম ধর্ম হল মানবজীবনের নানা অবস্থান ও পর্যায় সাপে(। কিন্তু সাধারণ ধর্ম তদ্‌নিরপে(।

তৃতীয়তঃ পূর্বের বক্তব্যের অনিবার্য নিঃসৃতি হলঃ সাধারণ ধর্মগুলি সকল মানুষের সার্বজনীন কর্ত্তব্য। এখানে জাতি, বর্ণ আশ্রম অর্থাৎ মানুষের সামাজিক অবস্থানের কোন প্রসঙ্গ নেই। অন্যদিকে বর্ণাশ্রম ধর্মগুলি মানুষের সার্বজনীন কর্তব্য নয়। বিশেষ বিশেষ মানুষের স্বভাব, সামাজিক অবস্থান এবং জীবনের নানা পর্যায় ভেদে বিশেষ ধর্মগুলি (বর্নাশ্রম ধর্ম) নির্দিষ্ট করা হয়েছে।

চতুর্থতঃ বর্ণ ও আশ্রম ধর্মগুলির প্রতিটি অঙ্গে সামাজিক মূল্য অপরিসীম। কেন না প্রত্যেকটি বর্ণ ও আশ্রম ভুক্ত(মানুষ তাদের নির্ধারিত ধর্ম বা কর্তব্য সমূহ পালনের মধ্য দিয়ে সমাজকে সুর(ত করে সুন্দরভাবে গড়ে তুলতে পারে। অন্যদিকে ভারতীয় নীতিশাস্ত্রে সমাজের কল্যাণে সাধারণ ধর্মগুলির পালনের কথা বলা হয়নি। বরং এই ধর্মের ল(্য ছিল আত্মশুদ্ধি অর্থাৎ সাধারণ ধর্মগুলি আত্মমুখী। অবশ্য সাধারণ ধর্মগুলিকে প্রতিটি মানুষ যথাযথভাবে পালন করলে সমানে শৃঙ্খলতা আসে তা অস্বীকার্য্য নয়। তবে সাধারণ ধর্মগুলির ব্যক্তি(গত মূল্য ও নৈতিকমূল্য বেশী। অপরপ(ে বর্ণাশ্রম ধর্মগুলির সামাজিক মূল্য বেশী।

পঞ্চমতঃ স্বধর্মগুলি মানুষের বৃত্তিগত দায়বদ্ধতা। প্রত্যেকটি বিশেষ বিশেষ বর্ণ ও আশ্রমভুক্ত(মানুষকে সেই সেই বর্ণ বা আশ্রম নির্দেশিত ধর্মগুলিকে অবশ্য কর্তব্য বলে মানতে হয়। বলা যায় এইরূপ দায়বদ্ধতার মূল তার স্বভাবগত দ(তার মধ্যে নিহিত। কিন্তু সাধারণ ধর্মগুলি এরূপ কোন ব্যক্তি(সাপে(ে বৃত্তিগত দায়বদ্ধতা নয় বরং তা সকল মানুষের (ে ত্রে সমভাবে প্রযোজ্য এবং সেগুলি পালন করা না করা তাদের ইচ্ছাধীন ব্যাপার।

ষষ্ঠতঃ পূর্বের দুটি পার্থক্যের ভিত্তিতে একথা বলা যেতে পারে যে, বিশেষ ধর্মগুলি মূলতঃ সামাজিক কর্তব্যবোধে পালন করা হয়। কিন্তু সাধারণগুলি মূলতঃ সৎসংকল্পের দ্বারা চালিত হয়ে আত্মশুদ্ধির বা চরিত্রসাধনের উদ্দেশ্যে পালিত হয়। উল্লেখ্য বর্ণাশ্রমধর্মগুলি পালনেও চরিত্রগঠন হয়।

প্রসঙ্গত বলতে হয়, বর্ণ ও আশ্রমের দ্বারা বিশেষ বিশেষ বর্ণের ও বিশেষ বিশেষ আশ্রমের মানুষের অধিকার নির্ধারিত হয়। যেমন (ত্রিয় বর্ণান্তগত মানুষের অধিকার আছে যুদ্ধে বা স্বদেশ সুর(ত রাখায় এবং বৈশ্যের অধিকার আছে ব্যবসা-বাণিজ্যে। তাই এগুলিই তাদের স্বধর্ম। কিন্তু সাধারণ ধর্মের (ে ত্রে এরূপ বিশেষ অধিকারের কথা ব্যক্ত(হয় নি।

সবশেষে আলোচ্য দুটি ধর্মের পার্থক্য প্রসঙ্গে সাধারণ ধর্ম ও বর্ণাশ্রম ধর্মকে কেন্দ্র করে একটি সমস্যার কথা উল্লেখ করা প্রয়োজন। তাহল কখনও কখনও সাধারণ ধর্ম ও বর্নাশ্রম ধর্মের মধ্যে বিরোধ উপস্থিত হতে পারে। সে(ে ত্রে মানুষের প(ে কোনটি পালনীয় তার সঠিক নির্দেশ পাওয়া কঠিন। যেমন, কৈকেয়ী রামকে বনবাসে প্রেরণ করায় এবং ভরতের সিংহাসন প্রাপ্তির ব্যবস্থা করলে লক্ষ্মন সত্রে(াধে বলেন যে, রামের সিংহাসন যদি অন্য কেউ অধিকার করে তাহলে তিনি তাকে হত্যা করবেন। রাম তখন তাঁকে বর্ণ ধর্ম পালন করতে নিষেধ করেন অর্থাৎ তিনি অগ্রজের সিংহাসনের পথ প্রশস্ত করার জন্য (ত্রিয়ের মত শৌর্য প্রদর্শনে উদ্যত হলে রাম তাঁকে সাধারণ ধর্ম পালনে নির্দেশ দেন। সাধারণ ধর্ম অনুযায়ী পিতৃ-সত্য পালন করাই পুত্রের ধর্ম। এইভাবে এখানে রাম বর্নাশ্রম ধর্মের তুলনায় সাধারণ ধর্মকেই বলবান বলে উল্লেখ করেন।

আবার গীতায় দেখা যায় যে, শ্রীকৃষ(অর্জুনকে যুদ্ধযাত্রায় উদ্বুদ্ধ করেছেন কারণ যুদ্ধই (ত্রিয়ের বর্ণ ধর্ম বা স্বধর্ম। কিন্তু অর্জুনের মতে আত্মীয়দের বি(দ্ধে যুদ্ধে যোগদান করলে কতকগুলি সাধারণ ধর্ম ((মা, দম, ধী,অত্রে(াধ) লঙ্ঘন করা হয়। কিন্তু এ(ে ত্রে শ্রীকৃষ(সাধারণ ধর্মের তুলনায় বর্ণ ধর্মকেই বলবান বলে উল্লেখ করেছেন।

কাজেই বোঝা যায় না যে, কোন ধর্মের উৎকর্ষতা বেশী অর্থাৎ কোনটি বেশী প্রয়োজনীয। গীতায় ও এ বিষয়ে অর্থাৎ উত্ত(রূপ বিরোধের নিষ্পত্তির কোন উপায়ের নির্দেশ পাওয়া যায় না। তবে মনে হয় যে, পরিস্থিতি সাপে(ে একটি ধর্ম উৎকর্ষতার দৃষ্টিতে অপর ধর্মকে অতিত্র(ম করে যেতে পারে।

রবীন্দ্রনাথের মানবতাবাদ

— অরবিন্দ সেন, (শি(ক, দর্শন বিভাগ)

প্রাচ্যের যে কয়েকজন মনীষীর চিন্তাধারায় মানবতাবাদী বৈশিষ্ট্য ধরা পড়ে রবীন্দ্রনাথ তাদের মধ্যে অন্যতম। পারিবারিক সূত্রে তিনি জীবনের প্রথম পর্বে ব্রাহ্মধর্মের মোহে আবদ্ধ হয়ে পড়লেও পরবর্তীতে তিনি এই মোহ ত্যাগ করেন। পরে তিনি উপলব্ধি করেন প্রচলিত সকল ধর্মই মানুষকে সংকুচিত করে, মানুষকে একটি নির্দিষ্ট গন্ডির মধ্যে আবদ্ধ করে। তাঁর মনে হয়েছিল যে 'ধর্ম' কতকগুলি শুষ্ক, রসহীন, প্রাণহীন, আচরণ রীতি নয়। বরং তিনি ধর্মকে মানুষের অস্তিত্বের মূলে স্থাপন করতে চেয়েছিলেন।

রবীন্দ্রনাথ ধর্মকে জীবন থেকে বিচ্ছিন্ন কোনো বিষয় বলে মনে করেননি। তিনি স্বীকার করেছিলেন যে, আমার ধর্ম আমার জীবনের মূলে। তাই হিন্দু, মুসলমান, খ্রিস্টান প্রভৃতি ধর্মের যখন মূল আলোচ্যবিষয় ঈ(ের, তখন রবীন্দ্রনাথ তাঁর দর্শনে মূলচরিত্র হিসেবে মানুষকে বেছে নিয়েছেন। রবীন্দ্রনাথ তাঁর 'The Religion of Man' গ্রন্থে বলেছেন — "Man in God or God in Man" । এই গ্রন্থের অন্য আর-এক জায়গায় তিনি বলেছেন- ''আমার এই গ্রন্থের একটিই মাত্র উপজীব্য এবং তা হল মানবের দেবায়ন ও দেবতার মানবায়ন'' (Humanity of God and the divinity of man)। মানুষকে তিনি দেববতার আসনে বসাতে চেয়েছিলেন এবং দেবতার মানবত্ব প্রমাণ করতে চেয়েছিলেন। তাই তিনি 'ভারততীর্থ' কবিতায় উল্লেখ করেছেন —

হেথায় দাঁড়ায়ে দু-বাহু বাড়ায়ে
নমি নর দেবতারে,
উদার ছন্দে পরমানন্দে
বন্দনা করি তাঁরে।

রবীন্দ্রনাথের দর্শনে আত্মা (আমি) এবং পরমাত্মা (ঈ(ের) এক ও অভিন্ন। তিনি এই দুই 'আমি'-র সম্পর্কে 'সোনার তরী' কাব্যগ্রন্থের 'দুই পাখি' কবিতাটিতে অত্যন্ত সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন খাঁচার পাখি ও বনের পাখির ভালোবাসার মধ্য দিয়ে — ''এমন দুই পাখি দোঁহারে ভালোবাসে তবুও কাছে নাহি পায় / দুজনে একা একা ঝপটি মরে পাখা কাতরে কহে কাছে আয়।''

রবীন্দ্রনাথের মানবধর্মের ধারণায় একাধারে গীতা, উপনিষদ, রামায়ণ, মহাভারত, বৌদ্ধদর্শন, শৈবদর্শন, বৈষ(ব, সহজিয়াভাব, সুফিবাদ, সন্তসাধনা, বাউল-ফকির-দরবেশের রবীন্দ্রায়ন ঘটেছে। তাঁর ব্যতিত্র(মী সৃজন নৈপুণ্যে ঘটেছে ঐতিহ্যের পুনর্নির্মাণ। তাঁর কাছে প্রকৃত ধর্ম কেবল আচরণ সর্বস্য নয়, ধর্ম মানে দেহ-মন-বুদ্ধি-ইচ্ছার সামগ্রিক কর্ষণ তথা সমগ্র জীবনচর্চা-সমাজ ও বি(েমানবতার কল্যাণসাধন। জীবনের প্রতি বিমুখ হয়ে সমাজ-সংসারকে উপে(া করায় মুক্তি(নেই- এটি ধর্ম নয়। প্রকৃত মুক্তি(আসে জগতের রূপ-রস-শব্দ-গন্ধ-স্পর্শের তথা সমগ্র বি(ের সঙ্গে নিজেকে যুক্ত(করায় এবং জ্ঞান ও প্রীতির, সর্বজনীন মৈত্রীর প্রেরণায় উদ্‌বুদ্ধ হয়ে সেবাকর্মে প্রবৃত্ত হওয়ায়। কবির ভাষায়—

বৈরাগ্যসাধনে মুক্তি(, সে আমার নয়।
অসংখ্য বন্ধন মাঝে লভিব মুক্তি(র স্বাদ মহানন্দময়।

তাঁর কাছে যাগযজ্ঞের ধর্ম নয়, এই মানবপ্রেম ও সেবাধর্মই সিদ্ধিলাভের উপায়। মানুষের ধর্মগ্রন্থে ধর্মের সংজ্ঞা দিতে গিয়ে তিনি পরিষ্কার বলেছেন — "... ধর্ম মানেই মনুষ্যত্ব — যেমন আগুনের ধর্ম অগ্নিত্ব, পশুর ধর্ম পশুত্ব। তেমনি মানুষের ধর্ম মানুষের পরিপূর্ণতা।" তিনি বি(াস করেন, পরিপূর্ণতা লাভের অগ্রযাত্রায় মানুষ যা-ই অর্জন ক(ক-না-কেন, এই মানবধর্মকে সে কোনোদিন পরিত্যাগ করবে না, করা উচিতও নয়।

রবীন্দ্রনাথ মনে করেন মনুষ্যত্বের সার্থকতা বি(েজগতের সঙ্গে নিজেকে যুক্ত(করার মধ্যে। তাকে বলতে হবে - "বি(ে সাথে যোগে যেথায় বিহার, সেইখানে যোগ তোমার সাথে আমারো।" সমগ্র মানবসমাজের সঙ্গেই শুধু নয়, সারাবি(ের সঙ্গে যুক্ত(করার মধ্য দিয়ে তাঁর মানবতাবাদের বিকাশ ঘটেছে। অর্থাৎ তাঁর মানবতাবাদ ব্যক্তি(মানব থেকে বি(েমানবে উত্তরণের কথা বলে। মানুষ বি(েনাগরিক, সমগ্র মানব জগতের সৃষ্টি ও প্রকাশের সঙ্গে তার আত্মীয়তা। রবীন্দ্রনাথের মানবতাবাদে কোনো দেশ ও কালের প্রাতিষ্ঠানিক ঐকান্তিকতা নেই।

রবীন্দ্রনাথ মানবধর্মের (ে ত্রে বারবার ত্যাগ ও তপস্যার কথা বলেছেন। তবে তাঁর মতে — "ত্যাগের দ্বারা আমরা দারিদ্র্য ও রিক্ত(তা লাভ করি এমন কথা যেন আমাদের মনে না হয়। পূর্ণতররূপে লাভ করার জন্যেই আমাদের ত্যাগ।" তাঁর মানবধর্মের মর্মবাণী হল অন্তরে অন্তরে সব মানুষই একই মানুষ — যার কোনো জাতি নেই, বর্ণ নেই, ধর্ম নেই।

অবশেষে এ কথা আমাদের বলতেই হয়, রবীন্দ্রনাথের মানবতাবাদ বাউল শ্রেষ্ঠ লালন ফকিরের দ্বারা বিশেষভাবে প্রভাবিত। লালন বলেছিলেন —

এই মানুষে আছে রে মন
যারে বলে মানুষ রতন
লালন বলে পেয়ে সে ধন
পারলাম না রে চিনতে।

এই মানুষটিকে রবীন্দ্রনাথও সন্ধান করেছিলেন নিজের মনের গভীরে। তাই তিনি উদাত্ত কণ্ঠে গেয়েছিলেন —

আমার প্রাণের মানুষ আছে প্রাণে
তাই হেরি তায়, সকলখানে।

ব্যক্তি(মানুষের মধ্যে বি(েমানবের উপলব্ধির আকুতি চিরন্তন। মানুষই সাধনার দ্বারা, ত্যাগের দ্বারা

বারংবার তার স্থূল জীবসত্তাকে অবদমিত করে, অতিত্র(ম করে পরমসত্তাকে উপলব্ধি করেছে। রবীন্দ্রনাথ বলেছেন, ব্যক্তি(মানুষ থেকে বি(েমানবের উপলব্ধির শেষ কথা হল, মানুষ নিজের আত্মার মধ্যে অপরের আত্মাকে জানতে পেরেছে। সকল আত্মার মধ্যে অভিন্নতা ও ঐক্যের সত্যকে উপলব্ধি করতে পেরেছে। কবি বলেন, জ্ঞানে প্রেমে, সেবায় আমরা বি(ে-আত্মাকেই প্রকাশ করি। এটিই মানবজীবনের পরমাদর্শ। এই আদর্শে, মানুষের অন্তরের গতি ব্যক্তি(মানব থেকে বি(েমানবের দিকে প্রসারিত হয়।

রবীন্দ্রনাথের মানবতাবাদী দর্শন মানুষকে তার জীবসীমা থেকে মানবসীমায় উত্তরণের দর্শন। এই মানব কোনো ব্যক্তি(মানব নয়, এই মানব বি(েমানব। আবার বি(েমানব কোনো বৃহৎ দৈহিক মানব নয়, ইনি বি(াত্মা। এক আত্মায় সকল আত্মার উপলব্ধি।

মানুষের বি(াত্মার উপলব্ধি তার আধ্যাত্মিক উপলব্ধি। নিজের অন্তরের আত্মস্বরূপ দিয়ে সকল মানুষের আত্মায় মিশে যাওয়া, একাত্ম হওয়া। প্রত্যেক মানুষের অন্তরের এই প্রসারণই আধ্যাত্মিকতা। রবীন্দ্রনাথের মানবতাবাদী দর্শন তাই আধ্যাত্মিক দর্শন। ব্যক্তি(মানবের বি(েমানবের দিকে অন্তরের প্রসারণই মানবিকতার ল(্য।

দার্শনিক রবীন্দ্রনাথ মনে করেন, নিজের (ুদ্র স্বার্থের গন্ডিকে অতিত্র(ম করে সমাজস্থ সকল মানুষের কল্যাণের মধ্যে আত্মকল্যাণ অনুসন্ধান করাই হোক আমাদের আদর্শ। এই আদর্শ অনুসরণ করলে বি(েমানবসমাজ গড়ে উঠবে। বি(েমানব সমাজই হল আদর্শ সমাজ, যেখানে প্রত্যেক ব্যক্তি(ই স্বাধীন। যেদিন বি(েজুড়ে মানুষে মানুষে সংঘাত, হিংসা, লোভ, দূরীভূত হবে সেদিনই আদর্শ সমাজ গড়ে উঠবে। এই আদর্শ সমাজ হল বি(েমানবসমাজ। রবীন্দ্রনাথ তাঁর মানবতাবাদে মানুষকে সমাজকল্যাণে আত্মনিয়োগ করে বি(েমানবসমাজ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন।